

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৬৬

১/ বিবিধ

আরবী

من علق تميمة فلا أتم الله له، ومن علق ودعة فلا ودع الله له ضعيف

أخرجه الحاكم (4/216 و4/17) وعبد الله بن وهب في " الجامع " (111) من طريق حيوة بن شريح قال: حدثنا خالد بن عبيد المعافري أنه سمع أبا مصعب مشرح بن هاعان المعافري أنه سمع عقبة بن عامر الجهني يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره. وقال الحاكم

" صحيح الإسناد "! ووافقه الذهبي

كذا قالا! وخالد بن عبيد المعافري أورده ابن أبي حاتم في كتابه (1/342) من رواية حيوة هذا عنه ليس إلا، ولم يذكر فيه جرحا ولا تعديلا. والظاهر أنه

لا يعرف إلا في هذا الحديث، فقد قال الحافظ في " التعجيل

" وثقه ابن حبان. قلت: ورجال حديثه موثقون

كأنه يعني حديثه هذا. ويشير بقوله: " موثقون " إلى أن في بعض رواته كلاما وهو مشرح بن هاعان، فقد أورده الذهبي في " الضعفاء " وقال

" تكلم فيه ابن حبان

قلت: لكن وثقه ابن معين، وقال عثمان الدارمي: " صدوق

وقال ابن عدي في " الكامل " (403/1)

" أرجوأنه لا بأس به



قلت: فهو حسن الحديث إن شاء الله تعالى، وإنما علة هذا الحديث جهالة خالد بن عبيد هذا

وقد صح الحديث عن عقبة بن عامر بإسناد آخر بلفظ: "من علق تميمة فقد أشرك وهو في الكتاب الآخر برقم (488)

والحديث قال المنذري (4/157)

" رواه أحمد وأبو يعلى بإسناد جيد والحاكم وقال: صحيح الإسناد

বাংলা

১২৬৬। যে ব্যক্তি তাবীজ লটকাবে আল্লাহ্ তার (আশা) পূর্ণ করবেন না আর যে ব্যক্তি কড়ি লটকাবে আল্লাহ্ কড়ি দিয়ে তার কোন উপকার করবেন না।

হাদীসটি দুর্বল।

হাদীসটি হাকিম (৪/২১৬, ৪১৭) ও আব্দুল্লাহ্ ইবনু ওয়াহাব "আল-জামে" গ্রন্থে (১১১) হায়ওয়াহ ইবনু শুরাইহ সূত্রে খালেদ ইবনু ওবায়েদ মায়া'ফেরী হতে, তিনি মুস'য়াব ইবনু মিশরাহ ইবনে হা'য়ান মায়াফেরী হতে, তিনি ওকবাহ ইবনু আমের যুহানী (রাঃ) হতে, তিনি রসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন ...।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। হাফিয় যাহাবীও তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। বর্ণনাকারী খালেদ ইবনু মায়াফেরীকে ইবনু আবী হাতিম তার কিতাবে (১/৩৪২) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। বাহ্যিকভাবে বুঝা যায় যে, তাকে শুধুমাত্র এ হাদীসের মধ্যেই চেনা যায়।

হাফিয ইবনু হাজার "আত-তা'জীল" গ্রন্থে বলেনঃ তাকে ইবনু হিব্বান নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। আমি (ইবনু হাজার) বলছিঃ তার হাদীসের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

সম্ভবত তিনি এর দ্বারা এ হাদীসটিকেই বুঝিয়েছেন। 'বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য' তিনি তার এ কথার দ্বারা ইঙ্গিত করেছেন যে, তার কোন বর্ণনাকারীর ব্যাপারে সমালোচনা রয়েছে। আর তিনি হচ্ছেন মিশরাহ ইবনু হা'য়ান। হাফিয যাহাবী তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইবনু হিব্বান তার সমালোচনা করেছেন।

আমি (আলবানী) বলছি কিন্তু তাকে ইবনু মাঈন নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন। উসমান আদ-দারেমী বলেনঃ তিনি সত্যবাদী। ইবনু আদী "আলকামেল" গ্রন্থে (১/৪০৩) বলেনঃ আশা করি তার ব্যাপারে কোন সমস্যা নেই।

আমি (আলবানী) বলছিঃ ইনশাআল্লাহ তিনি হাসানুল হাদীস (হাদীসের ক্ষেত্রে ভাল)। এ হাদীসটির সমস্যা হচ্ছে খালেদ ইবনু ওবায়েদের মাজহুল হওয়া।



উকবাহ ইবনু আমের (রাঃ) হতে নিম্নলিখিত ভাষায় অন্য সনদে সহীহ হাদীস বর্ণিত হয়েছেঃ من علق تميمة فقد "যে ব্যক্তি তাবীজ লটকল সে শির্ক করল।"

হাদীসটি ইমাম আহমাদ ও আবু ইয়ালা ভাল সনদে বর্ণনা করেছেন। এর সনদটিকে হাকিমও সহীহ আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন